

## ইসলামিক স্টাডিজ বিভাগের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান



৫ মার্চ, ২০১৯-মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় ইসলামিক স্টাডিজ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর বিএ অনার্স (২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯) শিক্ষাবর্ষের নবীনবরণ এবং এমএ (২০১৬-২০১৭) শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায় উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ইসলামিক স্টাডিজ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ নূরুল আমিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান এবং কুমিল্লা জেলা পরিষদের সাবেক প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মোঃ ওমর ফারুক। এছাড়া স্বাগত বক্তব্য প্রদান করেন অনুষ্ঠান আয়োজন উপ কমিটির আহবায়ক এবং সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামাল।এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড দীপিকা রাণী সরকার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।